

কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ১১-০৫-২০২৩

গত ৩ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (০৮-০৫-২০২৩ থেকে ১০-০৫-২০২৩ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

উক্ত সময়ের মধ্যে:

০৮ মে: পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কালিম্পাঙ জেলার অধিকাংশ জায়গায় এবং দার্জিলিং জেলার কয়েক জায়গায় অতি হালকা থেকে হালকা বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার): কালিম্পাঙ, দার্জিলিং : ১ সেমি

০৯ মে: পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জলপাইগুড়ি জেলার কয়েক জায়গায় অতি হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং জেলার দুয়েক জায়গায় অতি হালকা বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার): মূর্তি: ১ সেমি

১০ মে: গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাঁকুড়া, বীরভূম, হুগলী জেলার এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের মালদা, দক্ষিণ দিনাজপুর জেলার দুয়েক জায়গায় তাপপ্রবাহের পরিস্থিতি ছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায় অতি হালকা বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার): নেই

আপেক্ষিক আর্দ্রতা (শতাংশ): উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ২৫ থেকে ৯০ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ২৩ থেকে ৭৭ শতাংশ।

সর্বোচ্চ তাপমাত্রা: উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে ১০-০৫-২০২৩ তারিখে বাঁকুড়া তে সর্বোচ্চ তাপমাত্রা ৪৩.৩ ডিগ্রী সেলসিয়াস ছিল।

দিনের সর্বোচ্চ তাপমাত্রা

তারিখ	স্বাভাবিক	স্বাভাবিকের থেকে			
		২-৪ ডিগ্রি সেলসিয়াস স কম	৫-৬ ডিগ্রি সেলসিয়াস স কম	২-৪ ডিগ্রি সেলসিয়াস বেশী	৫-৬ ডিগ্রি সেলসিয়াস বেশী
	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম
০২-০৫-২০২৩	বহরমপুর, মেদিনীপুর, দীঘা	--	--	দার্জিলিং, কালিম্পং, কোচবিহার, মালদা, বালুরঘাট, কৃষ্ণনগর, আলিপুর, দমদম	জলপাইগুড়ি, কাঁথি
০৯-০৫-২০২৩	মেদিনীপুর, দীঘা	--	--	কালিম্পং, কোচবিহার, বালুরঘাট, বহরমপুর, কৃষ্ণনগর, আলিপুর, দমদম	দার্জিলিং, জলপাইগুড়ি, মালদা, কাঁথি
১০-০৫-২০২৩	মেদিনীপুর, দীঘা	--	--	বালুরঘাট, বহরমপুর, কৃষ্ণনগর, আলিপুর, দমদম কাঁথি	দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার, মালদা

পরবর্তী ৩ দিনের আবহাওয়ার পূর্বাভাস :

১১ মে (দিন ১) -

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম এবং দক্ষিণ ২৪ পরগনা জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গে আগামী ৩ দিন, দিনের তাপমাত্রা ধীরে ধীরে ২-৩ ডিগ্রী সেলসিয়াস কমবে; পরবর্তী ২ দিন, দিনের তাপমাত্রা ২-৪ ডিগ্রী সেলসিয়াস বাড়বে।

১২ মে (দিন ২)-

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম এবং দক্ষিণ ২৪ পরগনা জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।

১৩ মে (দিন ৩) -

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, কলকাতা, হাওড়া, হুগলী এবং নদীয়া জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।

সতর্কীকরণ:

১১ মে (দিন ১) -

১) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম এবং দক্ষিণ ২৪ পরগনা জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।

২) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বীরভূম, পুরুলিয়া এবং পশ্চিম বর্ধমান জেলার দুয়েক জায়গায় তাপপ্রবাহের পরিস্থিতি হওয়ার সম্ভাবনা আছে।

১২ মে (দিন ২)-

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বীরভূম এবং পশ্চিম বর্ধমান জেলার দুয়েক জায়গায় তাপপ্রবাহের পরিস্থিতি হওয়ার সম্ভাবনা আছে।

১৩ মে (দিন ৩) -

পশ্চিমবঙ্গের উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, কলকাতা, হাওড়া, হুগলী এবং নদীয়া জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।

পরবর্তী ২ দিনের অনুমান: সামান্য পরিবর্তন হবে।

স্বাক্ষরিত

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, আলিপুর, কলকাতা-২৭

১১-০৫-২০২৩